

## **া** সহীহ ইবনু হিব্বান (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ৪৮৬

৬. সদাচারণ ও ন্যায়নিষ্ঠতা সংশ্লিষ্ট কিতাব (كِتَابُ الْبِرّ وَالْإِحْسَان)

পরিচ্ছেদঃ দুনিয়াতে যার চরিত্র সুন্দর হবে, পরকালে সে আল্লাহর কাছে সবচেয়ে বেশি প্রিয়পাত্র হবে

ذِكْرُ الْبَيَانِ بِأَنَّ مَنْ حَسُنَ خُلُقُهُ فِي الدُّنْيَا كَانَ مِنْ أَحَبِّ النَّاسِ إِلَى اللَّهِ تعالى

## আরবী

أَخْبُرَنَا عَبْدُ اللَّهِ بْنُ مُحَمَّد بْنِ عَمْرِو النَّيْسَابُورِيُّ قَالَ: حَدَّثَنَا عَلِيُّ بْنُ خَشْرَمٍ قَالَ: حَدَّثَنَا عُثْمَانُ بْنُ حَكِيمٍ عَنْ زِيَادِ بْنِ عِلَاقَةَ: عَنْ أُسَامَةَ بْنِ أَخْبَرَنَا عِيسَى بْنُ يُونُسَ قَالَ: حَدَّثَنَا عُثْمَانُ بْنُ حَكِيمٍ عَنْ زِيَادِ بْنِ عِلَاقَةَ: عَنْ أُسَامَةَ بْنِ شَرِيكِ قَالَ: كُنَّا عِنْدَ النَّبِيِّ صَلَّى اللَّهُ عَلَيْهِ وسلم كأن على رؤوسنا الرَّخَمَ مَا يَتَكَلَّمُ مِنَّا مُتَكَلِّمٌ إِذْ جَاءه نَاسٌ مِنَ الْأَعْرَابِ فَقَالُوا: يَا رَسُولَ اللَّهِ أَفْتِنا فِي كَذَا أَفْتِنا فِي كَذَا أَفْتِنا فِي كَذَا أَفْتِنا فِي كَذَا فَقَالَ: (أَيُّهَا النَّاسُ إِنَّ اللَّهَ قَدْ وَضَعَ عَنْكُمُ الحرج إلا امْرَءاً اقْتَرَضَ مِنْ عِرضِ أَخِيهِ فَذَاكَ النَّذِي حَرِجَ وَهَلَكَ) قَالُوا: أَفْنَتَدَاوَى يَا رَسُولَ اللَّهِ؟ قَالَ: (نَعَمْ فَإِنَّ اللَّهَ لَمْ يُنْزِلْ دَاءً إِلَّا الْذِي حَرِجَ وَهَلَكَ) قَالُوا: فَمَا هُوَ يَا رَسُولَ اللَّهِ؟ قَالَ: (الْهَرَمُ) قَالُوا: فَأَيُّ النَّاسِ أَحَبُ إِلَى اللَّهِ يَا رَسُولَ اللَّهِ؟ قَالَ: (أَحْبُ النَّاسِ إِلَى اللَّهِ أَحْسَنُهُمْ خُلُقاً.) النَّاسِ أَحَبُ إِلَى اللَّهِ يَا رَسُولَ اللَّهِ؟ قَالَ: (أَحبُ النَّاسِ إِلَى اللَّهِ أَحْسَنُهُمْ خُلُقاً.) النَّاسِ أَحَبُ إِلَى اللَّهِ يَا رَسُولَ اللَّهِ؟ قَالَ: (أَحبُ النَّاسِ إِلَى اللَّه أَحْسَنُهُمْ خُلُقاً.) الراوي : أُسَامَة بْن شَرِيكِ ا المحدث : العلامة ناصر الدين الألباني ا المصدر : التعليقات الحسان على صحيح ابن حبان الصفحة أو الرقم: 486 ا خلاصة حكم المحدث: صحيح.

## বাংলা

৪৮৬. উসামা বিন শারীক রাদ্বিয়াল্লাহু আনহু থেকে বর্ণিত, তিনি বলেন, "আমরা রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম এর কাছে (এমন চুপচাপ) ছিলাম যেন আমাদের মাথার উপর শকুন রয়েছে, আমাদের মাঝে কেউ কোন কথা বলছিল না। এমন সময় তাঁর কাছে কিছু বেদুইন আসেন এবং বলেন: "হে আল্লাহর রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম, আমাদেরকে এই বিষয়ে ফাতাওয়া দিন, ঐ বিষয়ে ফাতাওয়া দিন। রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম বলেন: "নিশ্চয়ই মহান আল্লাহ তোমাদের থেকে পাপ উঠিয়ে নিয়েছেন, তবে ঐ ব্যক্তি ব্যতিত যে ব্যক্তি তার ভাইয়ের সম্মানহানী করে গীবত করে, সে ব্যক্তি পাপী হবে এবং ধ্বংস হবে।" তাঁরা আবার জিজ্ঞেস করলেন: "হে আল্লাহর রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম, আমরা কি চিকিৎসা গ্রহণ করতে



পারবো?" রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম বলেন: "হ্যাঁ, পারবে। নিশ্চয়ই মহান আল্লাহ একটি রোগ ব্যতিত এমন কোন রোগ অবতীর্ণ করেননি, যে রোগের নিরাময় অবতীর্ণ করেননি।" তাঁরা জিজ্ঞেস করলেন: "সেটি কোন রোগ?" রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম জবাবে বলেন: "সেটি হলো বার্ধক্য।" তাঁরা বলেন: "হে আল্লাহর রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম, মানুষের মাঝে কোন ব্যক্তি আল্লাহর কাছে স্বাধিক প্রিয়?" রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম বলেন: "মানুষের মাঝে কোন ব্যক্তি আল্লাহর কাছে স্বাধিক প্রিয় যিনি তাদের মাঝে স্বচেয়ে বেশি উত্তম চরিত্রের অধিকারী।"[1]

## ফুটনোট

[1] তাবারানী আল কাবীর: ৪৭১; আত তায়ালিসী: ১২৩২; মুসনাদ আহমাদ: ৪/২৭৮; ইবনু মাজাহ: ৩৪৩৬; বাগাবী, শারহুস সুন্নাহ: ৩২২৬; হাকিম: ৪/৩৯৯-৪০০।

হাদীসটিকে আল্লামা শু'আইব আল আরনাউত রহিমাহুল্লাহ সহীহ বলেছেন। আল্লামা নাসির উদ্দিন আলবানী রহিমাহুল্লাহ হাদীসটিকে সহীহ বলেছেন। (আস সহীহাহ: ৪৩২।)

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিসবিডি 🛘 বর্ণনাকারীঃ উসামাহ্ ইবনু শরীক (রাঃ)

🗕 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন